ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৬১৮

আগরতলা,৮ মে,২০২৫

**কমলপুর-খোয়াই জাতীয় সড়ক সারাইয়ের উদ্যোগ নেওয়া হয়েছে : পূর্ত সচিব**

কমলপুর-খোয়াই জাতীয় সড়কের (NH-208) ২৫ কি.মি. রাস্তার মধ্যে মূলত ১২ কি.মি. অংশে বেশকিছু সমস্যা পরিলক্ষিত হয়েছে। পূর্ত দপ্তর এবং এন.এইচ.আই.ডি.সি.এল. ইতিমধ্যেই রাস্তা সারাইয়ের জন্য উদ্যোগ গ্রহণ করেছে। মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহারও সমস্যাটি দৃষ্টি আকর্ষণ করেছে। তিনি সংশ্লিষ্ট দপ্তরকে সমস্যা নিরসনে উদ্যোগ নেওয়ার জন্য নির্দেশ প্রদান করেন। আজ সচিবালয়ের প্রেস কনফারেন্স হলে আয়োজিত সাংবাদিক সম্মেলনে পূর্ত দপ্তরের সচিব কিরণ গিত্যে এই সংবাদ জানান। সচিব জানান, কমলপুর-খোয়াই জাতীয় সড়ক এন.এইচ.-২০৮-এর এই অংশের কাজ ২০২৩ সালে সম্পন্ন হয়। প্রথমদিকে সড়কের অবস্থা ভালো থাকলেও গত বছর রাজ্য ব্যাপী ভারী বৃষ্টিপাত হওয়ার ফলে রাস্তার ১২ কিমি অংশে বেশকিছু সমস্যা পরিলক্ষিত হয়েছে। তিনি জানান, প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে ভারী বৃষ্টিপাতের জন্য রাস্তার নীচে জলস্তর বৃদ্ধি পাওয়ায় এই সমস্যা দেখা দিয়েছে। তিনি জানান, ইতিমধ্যেই এন.এইচ.আই.ডি.সি.এল.-এর একটি টিমকে এই সমস্যা নিরসনে তলব করা হয়েছে। টিম আসার পর রাজ্যের জাতীয় সড়কগুলির বর্তমান অবস্থা পরখ করবে এবং এন.এইচ.-২০৮ কমলপুর-খোয়াই সড়কের উপর এই সমস্যা নিরসনেও উদ্যোগ গ্রহণ করবে। সচিব আরও জানান, সমস্যার গুরুত্ব অনুধাবন করে ইতিমধ্যেই পূর্ত দপ্তরের উদ্যোগে একটি দল সংশ্লিষ্ট স্থান পরিদর্শন করে আসেন। আগামী কয়েক মাসের মধ্যেই এই রাস্তার সমস্যা সমাধান করা হবে। রাস্তা মেরামত চলাকালীন জাতীয় সড়কের এই অংশে একটি লেন খোলা থাকবে।

সাংবাদিক সম্মেলনে সচিব আরও জানান বর্তমানে রাজ্যে ৬টি জাতীয় সড়কে কাজ চলছে যার মোট দৈর্ঘ্য ৭৯৩ কি.মি.। এর মধ্যে ৪৪৩ কি.মি.-র কাজ সম্পন্ন হয়েছে। এছাড়াও সাংবাদিক সম্মেলনে সচিব আগরতলা শহরের ওয়েস্টার্ন বাইপাস ইত্যাদি সড়ক প্রকল্পের উপরও আলোকপাত করেন।

সাংবাদিক সম্মেলনে এন.এইচ.আই.ডি.সি.এল. আগরতলার কার্যনির্বাহী অধিকর্তা অজয় বিষ্ণুনই জানান, এন.এইচ.-২০৮ কমলপুর-খোয়াই জাতীয় সড়কের সমস্যাদীর্ণ এই অংশের মেরামতের কাজ শুরু করা হবে। সাংবাদিক সম্মেলনে এছাড়াও উপস্থিত ছিলেন পূর্ত দপ্তরের চিফ এক্সিকিউটিভ পি. জমাতিয়া।

*****